



১১ আগস্ট, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

**বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা এর জন্মবার্ষিকী  
উপলক্ষে জাতীয় পর্যায়ে প্রবন্ধ প্রতিযোগিতা**

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব- এর ৯১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে প্রবন্ধ প্রতিযোগিতা-২০২১ আয়োজন করেছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি। এই প্রতিযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজগুলোর শিক্ষার্থীরা অংশ নিতে পারবে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীদের এই প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়ার আহ্বান জানানো হয়েছে।

স্নাতক পর্যায়ে প্রতিযোগিতায় অংশ নেয়ার বিষয় নির্ধারণ করা হয়েছে- 'সংকট-সংগ্রাম, দুর্যোগ-দুর্বিপাকে এক নারীর প্রতিকৃতি-বঙ্গমাতা বেগম মুজিব'। বাংলা অথবা ইংরেজি যেকোনো মাধ্যমে ১৮০০ থেকে ২০০০ শব্দের মধ্যে প্রবন্ধ লিখতে হবে।

আগামী ২১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে ডাকযোগে অথবা ই-মেইল ([drp.bsa.esp@gmail.com](mailto:drp.bsa.esp@gmail.com)) মাধ্যমে প্রবন্ধ পাঠাতে হবে। ডাকযোগে পাঠানোর ঠিকানাঃ- মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০। প্রবন্ধের সঙ্গে অংশগ্রহণকারীর নাম, পরিচয়, মোবাইল নম্বর, পূর্ণ ঠিকানা ও ই-মেইল উল্লেখ করতে হবে।

প্রবন্ধ প্রতিযোগিতার বাছাই ও পুরস্কার নির্বাচন করা হবে ২৫ আগস্ট ২০২১ তারিখ। আর পুরস্কার প্রদান করা হবে ৩১ আগস্ট ২০২১ তারিখ। প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ এবং ১০টি সম্মান পুরস্কার প্রদান করা হবে। শ্রেষ্ঠ পুরস্কার ৫০ হাজার টাকা আর সম্মান পুরস্কার ২৫ হাজার টাকা করে নির্ধারণ করা হয়েছে। এছাড়া পুরস্কার প্রাপ্তদের সনদপত্রসহ মেডেল এবং সকল অংশগ্রহণকারীকে সনদপত্র প্রদান করা হবে।

(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়।